

Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 03 May, 2025

বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, ‘এখনো চট্টগ্রামে একটু বৃষ্টি হলে ডুবে যাচ্ছে। জলাবদ্ধতার নামে অহেতুক ১৩ হাজার কোটি টাকা বিনিয়োগ হয়েছে। এর কোনো প্রতিফলন খালগুলো দেখছেন, না পানি নিষ্কাশনে দেখছেন? সুতরাং আগে কী হয়েছে সেটি বলার দরকার হয় না।

শুক্রবার (২ মে) স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে ও নগর বিএনপির অর্থায়নে কর্নেলহাট বাজার সংলগ্ন নাজির খাল ও কালীর ছড়া খাল খনন ও পরিষ্কার কাজের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, ‘আন্দোলন সংগ্রাম শেষ, এখন দেশ গড়ার সময়। দেশ গড়তে হবে এটার জন্যই বিএনপির সৃষ্টি। দেশ গড়ার যত ফর্মুলা আছে এখন সেগুলোকে সামনে আনতে হবে। খাল খননের মাধ্যমে একটি শহরের পানির যে প্রবাহ তা নিশ্চিত করা হয়। খালের আশপাশে বিশ্বের সব শহরে বড় অর্থনীতি গড়ে ওঠে। খালের রাজনীতি, অর্থনীতি, সমাজনীতি আছে। খাল একটি শহরকে প্রাকৃতিক দুর্যোগ, জলবায়ু পরিবর্তনজনিত সংকট মোকাবেলায় সহায়তা করে। আমি আশাবাদী, মেয়র শাহাদাত দায়িত্বে আছেন তিনি উদ্যোগগুলো নিতে পারবেন, তার দক্ষতা, সাহস ও সততা আছে।

তিনি বলেন, ‘খালের দুই পাড়ে স্থানীয় মানুষের বিনোদনের জায়গা হতে পারে। দুই পাড়ে ওয়াকওয়ে হতে পারে, পুরুষ মহিলা সবাই যাতে হাঁটতে পারে। খালগুলো যখন সেই পর্যায়ে নিতে পারবো। খালের একটি অর্থনীতি আছে। খালের পানি নিষ্কাশনের মাধ্যমে কৃষির

কাজগুলো অনেক সহজ হয়ে যাবে। পানির প্রাপ্যতা সহজ হয়ে যাবে। কিন্তু পানি পরিষ্কার রাখতে হবে। পানি পরিষ্কার থাকলে আপনি ব্যবহার করতে পারবেন।

চসিক মেয়রকে সহযোগিতার আহ্বান জানিয়ে তিনি বলেন বলেন, ‘চট্টগ্রামবাসীর সৌভাগ্য, অনেক দিন পরে একজন দক্ষ, সুযোগ্য, শিক্ষিত, সৎ মেয়র আমাদের নেতৃত্ব দিচ্ছেন। বহু বছর এটা দেখিনি কিন্তু বিগত দিনের কারও নাম বলতে চাই না। তার চেয়ে বড় কথা হচ্ছে, তিনি রাস্তায় আন্দোলন করে উঠে এসেছেন, সংগ্রাম করে উঠে এসেছেন এবং খুব খারাপ সময়ে নেতৃত্ব দিয়েছেন। এটা আমাদের জন্য সুযোগ। আমাদের এ সুযোগ গ্রহণ করতে হবে। সবাই তাকে সহযোগিতা করবেন। তার উদ্যোগের সঙ্গে কাজ করবেন। তাহলে আমরা চট্টগ্রামকে সত্যিকার অর্থে বদলাতে পারবো।

উত্তর কাউন্সিলী ওয়ার্ড বিএনপির সাবেক সভাপতি রফিক উদ্দিন চৌধুরীর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ফরিদুল আলমের পরিচালনায় পরিচ্ছন্ন কার্যক্রমের উদ্বোধন করেন মেয়র ডা. শাহাদাত হোসেন। এতে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মহানগর বিএনপির আহ্বায়ক এরশাদ উল্লাহ ও সাবেক সাধারণ সম্পাদক আবুল হাশেম বক্কর।

আমির খসরু বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 14:55

URL: <https://timestodaybd.com/chittagong/7758071799>